F/APA/UO Note

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির আগস্ট, ২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: এ বিভাগের প্রশাসন-২ অধিশাখার পত্র নম্বর-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২৩.৩০৪, তারিখ: ৩০/০৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির আগস্ট, ২০২৩ মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: (আগস্ট, ২০২৩ মাসের প্রতিবেদন)।

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব
ফোন: ৫৫১০০২৭১
ইমেইল: dsop1@emrd.gov.bd

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]।

ইউ. ও. নোট নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২. ৮৮ তারিখ: ২১ ভাদ্র, ১৪৩০ / ০৫ সেপ্টেম্বর, ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২) অতিরিক্ত সচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব (পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) যুগ্মসচিব (অপারেশন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) উপসচিব (অপারেশন-৪ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপমহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির আগস্ট, ২০২৩ মাসের প্রতিবেদন।**

২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ৩০ জুলাই ২০২৩ তারিখে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্য-পরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২৩-২৪ অর্থবছরে মোট ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে। বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। উক্ত মনিটরিং কমিটির পক্ষে সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বাংলাদশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) গত ২৯/০৮/২০২৩ তারিখে আমদানিকৃত কার্গো হ্যান্ডলিং প্রতিষ্ঠান পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (পিওসিএল)-এর প্রধান স্থাপনা, চট্টগ্রাম পরিদর্শন করেন।

২। ২০২৩-২৪ অর্থবছরে এপিএ'তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রমের আওতায় ৫০ (পঞ্চাশ) লক্ষ মেট্রিক টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**


**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫০ (পঞ্চাশ) লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে আগস্ট ২০২৩ মাসে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনসহ জাহাজযোগে মোট ২৩টি পার্সেলে (জুলাই ২০২৩ মাস হতে ডেফারকৃত কার্গোসহ) ডিজেল, জেট ফুয়েল, অকটেন ও ফার্নেস অয়েল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার প্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মেট্রিক টন

| পণ্য | আগস্ট ২০২৩ মাসে আমদানি পরিকল্পনা (+/-১০%) | আগস্ট ২০২৩ মাসে আমদানিকৃত | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল | ৫,০৯,০০০ | ৪,৩৮,৬০৯ | • জুলাই ২০২৩ মাস হতে ডেফারকৃত ৪টি পার্সেলসহ আগস্ট ২০২৩ মাসে মোট ১৯টি পার্সেলে (এনআরএল হতে আমদানিকৃত পার্সেলসহ) মোট ৫,৭৯,৮২৭ মেট্রিক টন বিভিন্ন গ্রেডের পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। • অবশিষ্ট ৪টি পার্সেল সেপ্টেম্বর ২০২৩ মাসে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ডেফার করা হয়েছে। |
| জেটএ-১ | ৩৫,০০০ | ৪০,৪১৪ | |
| অকটেন | ২০,০০০ | ২৫,৭৯২ | |
| ফার্নেস অয়েল | ৭৫,০০০ | ৭৫,০১২ | |
| মোট | ৬,৩৯,০০০ | ৫,৭৯,৮২৭ | |

**২.২) আগস্ট ২০২৩ মাসে আমদানিকৃত জ্বালানি তেলের গ্রেড ভিত্তিক লেখচিত্র:**




চলমান পাতা-২

**পরিদর্শন কার্যক্রম:**

পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ২৯/০৮/২০২৩ তারিখে মনিটরিং কমিটির সদস্য-সচিব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বিপিসি পরিশোধিত তেলের পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (পিওসিএল)'র প্রধান স্থাপনা পরিদর্শন করেন। তিনি পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের জেটিতে আগত জাহাজ হতে তেল খালাস কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং পরীক্ষাগার (Labrotary) সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে পিওসিএল'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**২.৩) স্থিরচিত্র:**



চিত্র-১: কমিটির সদস্য-সচিব পিওসিএল এর ডলফিন জেটি-৬ (DOJ-6) এ আমাদনিকৃত জ্বালানি তেল খালাস কার্যক্রম কার্যক্রম পরিদর্শন করেন।



চিত্র-২: কমিটির সদস্য-সচিব পিওসিএল এর পরীক্ষাগারে সংরক্ষিত জ্বালানি তেলের নমুনা পর্যবেক্ষণ করেন।

৩। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আগস্ট ২০২৩ সময়ে পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

পরিমাণ: লক্ষ মেট্রিক টন

| কার্যক্রম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | অর্জন | | সর্বমোট |
|---|---|---|---|---|
| | | জুলাই, ২০২৩ | আগস্ট, ২০২৩ | |
| ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ৫০.০০ | ৩.৪৭ | ৫.৮০ | ৯.২৭ |

উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে আগস্ট ২০২৩ মাসে ৬.৩৯ লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে ৫.৮০ লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানি করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৯১%। উল্লেখ্য, আগস্ট ২০২৩ মাসে অন্তর্ভূক্ত ৪টি পার্সেল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সেপ্টেম্বর ২০২৩ মাসে ডেফার করায় এ মাসে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

৪। **কমিটির মন্তব্য/ সুপারিশ:**

| ক্র.ম. | মন্তব্য/ সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/ বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখা প্রয়োজন; | বিপিসি |
| ৪.২ | জেটিতে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন; | সংশ্লিষ্ট কোম্পানি |
| ৪.৩ | আগত জাহাজ হতে সঠিক পদ্ধতিতে নমুনা সংগ্রহপূর্বক পরীক্ষা এবং যথাযথভাবে তা সংরক্ষণ করতে হবে; এবং | সংশ্লিষ্ট কোম্পানি |
| ৪.৫ | পরীক্ষাগারে ক্যালিব্রেশনকৃত প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতি থাকতে হবে। | সংশ্লিষ্ট কোম্পানি |

মোহাম্মদ জাহিদ হোসাইন
উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
ও
সদস্য-সচিব
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব (অপারেশন-১ শাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

এ কে এম মিজানুর রহমান
উপসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

দীপক কুমার চক্রবর্তী
উপসচিব (অপারেশন-৪ শাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

ড. মোঃ রফিকুল ইসলাম
যুগ্মসচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি